



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা



লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : [www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)



স্মারক নং - কুশিবোর্ড / ২৮২

তারিখ : ১৮/০৫/২০২৩

বিষয় : নাম ও বয়স সংশোধনের আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এ বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, কুমিল্লা শিক্ষাবোর্ডের সেবা প্রার্থীদের নাম ও বয়স সংশোধন সেবা সহজিকরণের নিমিত্তে “নাম ও বয়স সংশোধন” আবেদনের ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী আগামী ০১ জুন ২০২৩ হতে কার্যকর হবে :

**ক) বয়স সংশোধনের ক্ষেত্রে নিয়মাবলী :**

১. জে.এস.সি/এস.এস.সি পরীক্ষা পাসের ২ (দুই) বৎসরের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।
২. অনলাইনে আবেদনের সময় নিম্নোক্ত কাগজপত্র আপলোড করতে হবে :
  - ক) পিতা/মাতা অথবা পিতা/মাতা জীবিত না থাকলে আইনানুগ অভিভাবক কর্তৃক প্রথম শ্রেণীর ম্যাজিস্টেট কর্তৃক এফিডেভিট;
  - খ) আবেদনকারীর পরীক্ষা সংক্রান্ত রেকর্ডপত্র ( রেজিঃ কার্ড/ প্রবেশপত্র/নম্বরফর্ম/একাডেমিক ট্রান্সক্রিপ্ট / সনদ);
  - গ) বয়স সংশোধনের স্বপক্ষে প্রামাণ্য রেকর্ডপত্র ( প্রয়োজনানুসারে ভর্তি রেজিস্টার, প্রাথমিক শিক্ষা সমাপনী সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, পাসপোর্ট, জন্ম তারিখ উল্লেখসহ পারিবারিক সনদ/ওয়ারিশ সনদ ইত্যাদি);
  - ঘ) প্রাইভেট পরীক্ষার্থীর ক্ষেত্রে প্রধান শিক্ষক/অধ্যক্ষের পরিবর্তে প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের সুপারিশ;
  - ঙ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের এক কপি ছবি;
৩. প্রার্থীকে বোর্ডের নাম ও বয়স সংশোধন কমিটির নির্ধারিত সভার তারিখে বয়স সংশোধনের প্রয়োজনীয় সকল প্রমাণকের মূলকপিসহ স্বশরীরে উপস্থিত থাকতে হবে।

**খ) নাম সংশোধনের ক্ষেত্রে নিয়মাবলী :**

১. পরীক্ষা পাসের ২ (দুই) বৎসরের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।
২. অনলাইনে আবেদনের সময় নিম্নোক্ত কাগজপত্র আপলোড করতে হবে :
  - ক) আবেদনকারীর পরীক্ষা সংক্রান্ত রেকর্ডপত্র ( রেজিঃ কার্ড/ প্রবেশপত্র/নম্বরফর্ম/ একাডেমিক ট্রান্সক্রিপ্ট / সনদ);
  - খ) নাম সংশোধনের স্বপক্ষে প্রামাণ্য রেকর্ডপত্র ( প্রয়োজনানুসারে ভর্তি রেজিস্টার, প্রাথমিক শিক্ষা সমাপনী সনদ, পারিবারিক সনদ/ওয়ারিশ সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, পাসপোর্ট, ভাই/বোনের সনদ, প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র, ওয়ার্ড কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের মেম্বার কর্তৃক প্রত্যয়নপত্র ইত্যাদি);
  - গ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের এক কপি ছবি;
  - ঘ) প্রাইভেট পরীক্ষার্থীর ক্ষেত্রে প্রধান শিক্ষক/অধ্যক্ষের পরিবর্তে প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের সুপারিশ;

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৮/০৫/২০২৩  
(প্রফেসর নূর মোহাম্মদ)  
সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
কুমিল্লা